পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।– আল-কুরআন।



# ক বিভাগ — গৃহ ও গৃহ ব্যবস্থাপনা



## প্রথম অধ্যায়
# গৃহ ও গৃহ পরিবেশের প্রাথমিক ধারণা

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **গৃহ :** গৃহ এমন একটা স্থান যেখানে আমরা পরিবারবদ্ধ হয়ে বাস করি। গৃহ আমাদের মৌলিক চাহিদাগুলোর মধ্যে অন্যতম। সারাদিনের কাজের শেষে বিশ্রাম ও আরামের জন্য আমরা গৃহে ফিরে আসি। এখানে আমাদের খাদ্য, বস্ত্র, শিক্ষা, বিনোদন ইত্যাদি চাহিদা পূরণ হয়।
- **গৃহ পরিবেশ :** গৃহের ভিতরে ও বাইরের সব অংশ নিয়েই গড়ে ওঠে গৃহ পরিবেশ। গৃহ পরিবেশের মধ্যে থাকে বিভিন্ন ঘর, বারান্দা, ছাদ, আঙিনা ইত্যাদি।
- **গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস :** গৃহে বিভিন্ন ধরনের কাজ করা হয়। গৃহের বিভিন্ন কক্ষ বা স্থানের বিন্যাস এই কাজের ওপর ভিত্তি করেই গড়ে ওঠে। গৃহের কাজের ওপর ভিত্তি করে গৃহের অভ্যন্তরীণ স্থানকে মোটামুটি তিন ভাগে ভাগ করা হয়। যথা– ১. আনুষ্ঠানিক স্থান, ২. অনানুষ্ঠানিক স্থান ও ৩. কাজের স্থান।
- **প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণ :** প্রত্যেকটা জিনিসের ব্যবহার ও সংরক্ষণের জন্য নির্দিষ্ট জায়গা থাকে। তাই পরিবারের সবাইকে ব্যবহারের পর জিনিসগুলো যথাস্থানে গুছিয়ে রাখার অভ্যাস করতে হবে। জিনিসপত্র যথাস্থানে যত্ন সহকারে রাখলে গৃহের পরিবেশ পরিচ্ছন্ন ও পরিপাটি থাকে।
- **গৃহ পরিবেশ রক্ষা ও সৌন্দর্য বর্ধনে গাছ :** গৃহ ও গৃহের পরিবেশ উন্নত করার জন্য বাড়ির বারান্দা ও ছাদে টবে বিভিন্ন রকম গাছ লাগানো যায়। শাকসবজি ও ফল গাছ পরিবারের সদস্যদের পুষ্টি জোগায়। ফুল গাছ গৃহের শোভা বাড়ায়।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **নিচের কোনটি আনুষ্ঠানিক স্থান?**
● খাওয়ার ঘর  ⓚ শোবার ঘর
ⓖ পড়ার ঘর  ⓖ সাজসজ্জার ঘর

২. **আদিম মানুষের পরিবার গঠনের কারণ–**
i. আশ্রয়স্থলের নিরাপত্তা
ii. একত্রে চাষাবাদের সুবিধা
iii. পারস্পরিক সহযোগিতা পাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii  গ i ও iii  ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪নং প্রশ্নের উত্তর দাও।**
অনিতা নামকরা নার্সারি থেকে একটি মরিচের চারা কিনে আনল। তারপর মাটি ভর্তি টবে রোপণ করে তার পড়ার ঘরে রাখল। সেই সাথে মরিচ গাছের রোগবালাই দমনে কী ধরনের কীটনাশক ব্যবহার করতে হয় তাও জানল। অনিতা গাছে নিয়মিত পানি দিত। তারপরও গাছটির যথাযথ বৃদ্ধি হলো না এবং মরিচও ধরল না।

৩. **গাছটি বৃদ্ধি না পাওয়ার কারণ কী?**
ক উপযুক্ত কীটনাশকের অভাব  ● পর্যাপ্ত আলো বাতাসের অভাব
গ অপুষ্ট চারা রোপণ  ঘ টবে চারা লাগানো

৪. **অনিতার গাছের যথাযথ বৃদ্ধির জন্য দরকার–**
i. পর্যাপ্ত সার ব্যবহার করা
ii. টবটি বারান্দায় নিয়ে রাখা
iii. পানির পরিমাণ বাড়িয়ে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : গৃহ ও গৃহ পরিবেশ ■ পৃষ্ঠা–২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. **কোথায় আমরা পরিবারবদ্ধ হয়ে বাস করি?** (জ্ঞান)
● গৃহে  খ সমাজে  গ সম্প্রদায়ে  ঘ গোষ্ঠীতে

৬. **বিশ্রাম ও আরামের জন্য আমরা কোথায় ফিরে আসি?** (জ্ঞান)
ক বিদ্যালয়ে  খ খেলার মাঠে  ● গৃহে  ঘ বাইরে

৭. **মানবশিশুর প্রথম পরিবেশ কী?** [সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক সমাজ  ● গৃহ  গ সমিতি  ঘ সংঘ

৮. **গৃহের ভিতরে ও বাইরে সব অংশ নিয়েই কী গড়ে ওঠে?** (জ্ঞান)
ক গৃহ ব্যবস্থাপনা  খ গৃহবিন্যাস
গ গৃহ সৌন্দর্য  ● গৃহ পরিবেশ

৯. **মানুষ গৃহের প্রয়োজন অনুভব করে কেন?** (অনুধাবন)

ক পারিবারে সদস্যদের গল্প করার জন্য
● পারিবারে সদস্যদের বসবাসের জন্য
গ পারিবারে সদস্যদের টাকা উপার্জনের জন্য
ঘ পারিবারে সদস্যদের শিক্ষার জন্য

১০. আমাদের মৌলিক চাহিদা পূরণের অন্যতম মাধ্যম কী? (জ্ঞান)
ক সমাজ খ সমিতি গ এনজিও ● গৃহ

১১. আমরা বিভিন্ন কাজে ব্যস্ত থাকি কেন? (অনুধাবন)
● চাহিদা পূরণের জন্য খ সুস্বাস্থ্যের জন্য
গ বিনোদনের জন্য ঘ আনন্দ ফুর্তি করার জন্য

১২. গৃহ পরিবেশের আওতাভুক্ত কোনটি? (অনুধাবন)
ক রাস্তা ● আঙিনা গ খেলার মাঠ ঘ সমাবেশ কক্ষ

১৩. গৃহের পরিবেশ কেমন থাকা দরকার? (অনুধাবন)
● পরিচ্ছন্ন খ অপরিচ্ছন্ন গ বিশৃঙ্খল ঘ বিলাসবহুল

১৪. আদিমকালে মানুষের আশ্রয়স্থল কোথায় ছিল? (জ্ঞান)
● বনজঙ্গলে খ ফ্লাট বাসায় গ গৃহে ঘ কোয়ার্টারে

১৫. আমিনা নতুন ঘর তৈরি করতে আগ্রহী। সুন্দর শৃঙ্খল জীবনযাপনের জন্য তার কেমন ঘর তৈরি করা উচিত? (উচ্চতর দক্ষতা)
● পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত খ অন্ধকার ও দূষণমুক্ত
গ আরামদায়ক ও বিপজ্জনক ঘ বিপদমুক্ত ও অপরিচ্ছন্ন

১৬. কীভাবে গৃহ নির্মাণের প্রচেষ্টা শুরু হলো? (অনুধাবন)
ক বন্য প্রাণীদের সাথে যুদ্ধ করে ● চাষাবাদ আয়ত্তে এনে
গ উন্নত প্রযুক্তির মাধ্যমে ঘ দামি খাবারের ব্যবস্থা করে

১৭. গৃহের মানুষগুলো সুস্থ ও সুশৃঙ্খল হয়ে গড়ে উঠলে কোনটি গঠনে সহায়ক হবে? (জ্ঞান)
ক আদর্শ শিক্ষক ● আদর্শ জাতি
গ আদর্শ আইনজীবী ঘ আদর্শ চিকিৎসক

১৮. পরিবারের সদস্যদের সবরকম বিকাশের জন্য কী প্রয়োজন? (জ্ঞান)
ক ভালো শিক্ষাপ্রতিষ্ঠান খ সুন্দর খেলার মাঠ
গ ভালো চিকিৎসা সেবা ● সুন্দর গৃহ পরিবেশ

১৯. আমাদের দায়িত্ব ও কর্তব্য ফুটে ওঠে কিসের মাধ্যমে? (জ্ঞান)
ক খেলাধুলার মাধ্যমে খ বিনোদনের মাধ্যমে
● কাজে অংশগ্রহণের মাধ্যমে ঘ বিনিময়ের মাধ্যমে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. মানুষ আশ্রয়স্থল খুঁজতে শুরু করে– (অনুধাবন)
i. বন্য প্রাণীর আক্রমণ থেকে রক্ষা পেতে
ii. ঝড়, বৃষ্টি, তাপ থেকে রক্ষা পেতে
iii. আনন্দ বিনোদন উপভোগ করতে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. আদিমকালে মানুষের আশ্রয়স্থল ছিল– (অনুধাবন)
i. বন-জঙ্গল
ii. বড় গাছ
iii. পাহাড়ের গুহা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২২. গৃহ পরিবেশের ওপর নির্ভর করে সদস্যদের– (অনুধাবন)
i. সুখ ও শান্তি
ii. শারীরিক ও মানসিক সুস্থতা
iii. যাতায়াত ও চলাফেরা
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. পারিবারিক বন্ধন মজবুত করতে প্রয়োজন— (অনুধাবন)
i. সবার প্রতি সবার শ্রদ্ধা থাকা
ii. সবার প্রতি সবার সহযোগিতা থাকা
iii. সবার প্রতি সবার ভালোবাসা থাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৪. গৃহ পরিবেশের প্রভাবে আমাদের মধ্যে গড়ে ওঠে— (অনুধাবন)
i. সমালোচনা ও হিংসা
ii. অভ্যাস ও রুচিবোধ
iii. দায়িত্ব ও কর্তব্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

২৫. সালেহা বেগম গৃহের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও দূষণমুক্ত রাখতে চান। এজন্য তার করণীয়— (উচ্চতর দক্ষতা)
i. বিশুদ্ধ খাবার পানির সরবরাহ নিশ্চিত করা
ii. গৃহের ভিতর ও বাহিরে সবসময় পরিষ্কার রাখা
iii. মলমূত্র নিষ্কাশনের ভালো ব্যবস্থা রাখা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
মাসুম তার বাবার নিকট থেকে শহর ও গ্রামের গৃহের আলাদা আলাদা বৈশিষ্ট্যের কথা শুনল। তার মনে পড়ল, দাদা বাড়ির কথা। গ্রামের গৃহটি টিন, কাঠ, বাঁশ ও মাটি দিয়ে তৈরি। শহরের বাসাটি পুরোপুরি ভিন্ন উপকরণ দিয়ে তৈরি।

২৬. মাসুমদের গ্রামের গৃহটি কোন ধরনের বাড়ির মধ্যে পড়ে? (প্রয়োগ)
ক পাকা ● কাঁচা গ বড় ঘ ছোট

২৭. মাসুমদের শহরের বাড়িটি তৈরির ক্ষেত্রে যেসব উপকরণ ব্যবহৃত হয়েছে— (উচ্চতর দক্ষতা)
i. ইট ও বালি
ii. বাঁশ ও মাটি
iii. রড ও সিমেন্ট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ ২ : গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস ■ পৃষ্ঠা–৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৮. কাজের ভিত্তিতে গৃহের অভ্যন্তরীণ স্থান কয়টি?
[সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ২ ● ৩ গ ৪ ঘ ৫

২৯. যেখানে আনুষ্ঠানিক কাজ সম্পন্ন করা হয় তাকে কী বলে? (জ্ঞান)
● আনুষ্ঠানিক স্থান খ কাজের স্থান
গ অনানুষ্ঠানিক স্থান ঘ সামাজিকতার স্থান

৩০. গৃহে কোনো অতিথি এলে কোথায় অভ্যর্থনা জানানো হয়? (জ্ঞান)
ক অনানুষ্ঠানিক স্থানে ● আনুষ্ঠানিক স্থানে
গ ঘরের বাইরে ঘ কাজের স্থানে

৩১. সাধারণত আমরা যে স্থানগুলোতে ব্যক্তিগত বা একান্ত নিজের কাজগুলো করে থাকি তাকে কী বলে? (জ্ঞান)
ক আনুষ্ঠানিক স্থান ● অনানুষ্ঠানিক স্থান
গ কাজের স্থান ঘ সংরক্ষণের স্থান

৩২. **গৃহের আনুষ্ঠানিক স্থানের অন্তর্ভুক্ত কোনটি?** (অনুধাবন)
● বসার ঘর ⓑ রান্না ঘর ⓖ পড়ার ঘর ⓓ শোবার ঘর

৩৩. **অনানুষ্ঠানিক স্থান প্রয়োজন কেন?** (অনুধাবন)
ⓐ খাওয়ার জন্য ⓑ আপ্যায়নের জন্য
● বিশ্রামের জন্য ⓓ অভ্যর্থনার জন্য

৩৪. **রেবেকার বাড়িতে তার বন্ধুবান্ধব বেড়াতে এসেছে। রেবেকা কোথায় তাদের অভ্যর্থনা জানাবে?** (প্রয়োগ)
ⓐ খাওয়ার ঘরে ⓑ অতিথির ঘরে ⓖ শোবার ঘরে ● বসার ঘরে

৩৫. **যে স্থানে প্রতিদিন গৃহের বিভিন্ন ধরনের কাজ করা হয়ে থাকে তাকে কী বলে?** (জ্ঞান)
ⓐ আনুষ্ঠানিক স্থান ● কাজের স্থান
ⓖ সংরক্ষণের স্থান ⓓ অনানুষ্ঠানিক স্থান

৩৬. **গৃহের অভ্যন্তরীণ পরিবেশ বজায় রাখতে করণীয় কী?** (উচ্চতর দক্ষতা)
ⓐ গৃহের সব ময়লা একসাথে পরিষ্কার করা
ⓑ পরিষ্কারক সামগ্রী দিয়ে গৃহ পরিষ্কার করা
ⓖ ব্রাশ দিয়ে গৃহ সামগ্রী পরিষ্কার করা
● গৃহ পরিষ্কার পরিচ্ছন্ন ও গুছিয়ে রাখা

৩৭. **অনানুষ্ঠানিক স্থানে কারা কাজ সম্পন্ন করে?** (জ্ঞান)
ⓐ শুধুমাত্র আত্মীয়স্বজন ⓑ শুধুমাত্র বন্ধুবান্ধব
ⓖ শুধুমাত্র অতিথি ● শুধুমাত্র পরিবারের সদস্যরা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. **গৃহের অভ্যন্তরীণ স্থানগুলো হলো–** (অনুধাবন)
i. আনুষ্ঠানিক স্থান
ii. অনানুষ্ঠানিক স্থান
iii. কাজের স্থান
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩৯. **আনুষ্ঠানিক স্থানগুলোর অন্তর্ভুক্ত–** (অনুধাবন)
i. শোবার ঘর ii. অতিথি ঘর
iii. বসার ঘর
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

৪০. **ইতি তার গৃহের পরিষ্কার–পরিচ্ছন্নতার কাজ নিজেই করে। তার পরিষ্কার–পরিচ্ছন্নতার কাজের মধ্যে পড়ে–** (প্রয়োগ)
i. ঘর মোছা ii. মশলা বাটা
iii. ইস্ত্রি করা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii


৪১. **গৃহের কাজের স্থানগুলো হলো–** (অনুধাবন)
i. রান্নাঘর
ii. বাথরুম ও টয়লেট
iii. ভাঁড়ার ঘর
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৪২. **মিনা রান্না করতে পছন্দ করে। তার রান্নার কাজের মধ্যে পড়ে—** (প্রয়োগ)
i. কোটা, বাছা
ii. খাওয়া–দাওয়া করা
iii. ধোওয়া, মসলা বাটা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৪৩. **রাশিদা বেগম তার ব্যক্তিগত কাজগুলো করে থাকে অনানুষ্ঠানিক স্থানে। তিনি এ স্থানে যে ধরনের কাজ করেন—** (প্রয়োগ)
i. বিশ্রাম নেন
ii. সাজসজ্জা করেন
iii. রান্না করেন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৪৪. **আনুষ্ঠানিক স্থানে যেসব কাজ করা হয়—** (অনুধাবন)
i. পড়াশোনা করা
ii. অভ্যর্থনা জানানো
iii. আপ্যায়ন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর



উপরের চিত্রটি দেখে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও :

৪৫. **উদ্দীপকে কোন স্থান নির্দেশিত হয়েছে?** (প্রয়োগ)
● অনানুষ্ঠানিক স্থান ⓑ আনুষ্ঠানিক স্থান
ⓖ কাজের স্থান ⓓ বসার স্থান

৪৬. **নির্দেশিত স্থান ছাড়াও আরও যেসব স্থান এর অন্তর্ভুক্ত–** (উচ্চতর দক্ষতা)
i. খাওয়ার ঘর
ii. পড়ার ঘর
iii. সাজসজ্জার ঘর
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

# পাঠ ৩ : প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণ

■ পৃষ্ঠা– ৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৭. **জিনিসপত্র ছড়িয়ে ছিটিয়ে থাকলে কিসের আশঙ্কা থাকে?** (জ্ঞান)
ⓐ অপচয়ের ● দুর্ঘটনার ⓖ ঘটনার ⓓ বিপদের

৪৮. **প্রতিদিন ব্যবহার করতে হয় না এমন রান্নার সরঞ্জাম কোথায় রাখতে হয়?** (জ্ঞান)
● কেবিনেটে ⓑ খাবার টেবিলে ⓖ ড্রেসিং টেবিলে ⓓ আলমারিতে

৪৯. **মাসুদ সাহেব বাইরে ব্যবহারের পোশাক ইস্ত্রি করে পরেন। তিনি ইস্ত্রি কোথায় রাখবেন?** (প্রয়োগ)
● ইস্ত্রির বোর্ডের সাথে ⓑ সেলাই মেশিনের সাথে
ⓖ পড়ার টেবিলের সাথে ⓓ আলনার তাকের সাথে

৫০. **দৈনন্দিন ব্যবহার্য পোশাকগুলো আমরা কোথায় রাখি?** (জ্ঞান)
● আলনায় ⓑ আলমারিতে ⓖ মেঝেতে ⓓ বাক্সে

৫১. **জিনিসপত্র যথাস্থানে যত্নসহকারে গুছিয়ে রাখলে সেগুলো কী হয়?** (জ্ঞান)
● টেকসই ⓑ ক্ষয় ⓖ নমনীয় ⓓ চকচকে

৫২. **প্লেট, গ্লাস, জগ প্রভৃতি কোথায় রাখা হয়?** (জ্ঞান)
ⓐ কেবিনেটে ● তাকে ⓖ বাক্সে ⓓ স্টোর রুমে

৫৩. **মিশু তার পোশাক সঠিক নিয়মে যত্ন করে। সে উৎসবে পরার পোশাক বা মৌসুমি পোশাক কোথায় রাখে?** (প্রয়োগ)

● আলমারি বা বাক্সে　ⓑ শোকেসে বা টেবিলে
ⓒ তাকে বা কেবিনেটে　ⓓ আলনায় বা ওয়ার্ড্রোবে

৫৪. তানভীর বই, খাতা অগোছালো রাখে না। সে লেখাপড়ার উপকরণ কোথায় গুছিয়ে রাখে? (প্রয়োগ)
ⓐ আলনার তাকে　● পড়ার টেবিলে
ⓒ বাক্সে　ⓓ আলমারিতে

৫৫. প্রাথমিক চিকিৎসা বাক্স কোথায় রাখা প্রয়োজন? (জ্ঞান)
ⓐ নিচু স্থানে　● একটু উঁচু স্থানে
ⓒ খাবার টেবিলে　ⓓ স্টোর রুমে

৫৬. ভ্যাকুয়াম ক্লিনার কী? (জ্ঞান)
ⓐ রান্না করার সরঞ্জাম　ⓑ সেলাইয়ের সরঞ্জাম
ⓒ বাগান করার সরঞ্জাম　● পরিষ্কার–পরিচ্ছন্নতার সরঞ্জাম

৫৭. সালমা তার প্রসাধন সামগ্রী গুছিয়ে রাখতে পছন্দ করে। সে তার প্রসাধন সামগ্রী কোথায় সাজিয়ে রাখবে? (প্রয়োগ)
● ড্রেসিং টেবিলে　ⓑ অতিথি ঘরে
ⓒ অভ্যর্থনা কক্ষে　ⓓ পড়ার টেবিলে

৫৮. কী করলে গৃহের পরিবেশ পরিচ্ছন্ন ও পরিপাটি থাকে? (উচ্চতর দক্ষতা)
● জিনিসপত্র যথাস্থানে যত্নসহকারে রাখলে
ⓑ জিনিসপত্র যথাস্থানে লুকিয়ে রাখলে
ⓒ জিনিসপত্র যেখানে সেখানে ছড়িয়ে রাখলে
ⓓ জিনিসপত্র খোলামেলা রাখলে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. বাগান করার সরঞ্জাম রাখা যায়– (অনুধাবন)
i. স্টোর রুমে　ii. নির্দিষ্ট তাকে
iii. টেবিলের উপরে
নিচের কোনটি সঠিক?
● i ও ii　ⓑ i ও iii　ⓒ ii ও iii　ⓓ i, ii ও iii

৬০. কণিকার বাবা কণিকাকে আজ একটি প্রাথমিক চিকিৎসার বাক্স দিয়েছে। কণিকা এই বাক্সে গুছিয়ে রাখবে– (প্রয়োগ)
i. তুলা ও ব্যান্ডেজ
ii. পাউডার ও পারফিউম
iii. ডেটল ও মলম
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii　● i ও iii　ⓒ ii ও iii　ⓓ i, ii ও iii

৬১. জিনিসপত্র গুছিয়ে রাখার উপকারিতা হলো– (উচ্চতর দক্ষতা)
i. টেকসই হয়
ii. গৃহ পরিবেশ পরিচ্ছন্ন থাকে
iii. সহজেই হাতের কাছে পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii　ⓑ i ও iii　ⓒ ii ও iii　● i, ii ও iii

৬২. মোর্শেদ স্কুল থেকে ফিরে জুতা, মোজা গুছিয়ে রাখে। সে এগুলো রাখার জন্য ব্যবহার করে— (অনুধাবন)
i. জুতার তাক
ii. আলনার নিচের তাক
iii. স্টোররুমের তাক
নিচের কোনটি সঠিক?
● i ও ii　ⓑ i ও iii　ⓒ ii ও iii　ⓓ i, ii ও iii

৬৩. সামিনা তার গৃহের জিনিসপত্র ছড়িয়ে ছিটিয়ে রাখেন। এর ফলে– (উচ্চতর দক্ষতা)
i. গৃহের সৌন্দর্য নষ্ট হয়
ii. জিনিসপত্র ময়লা হয়
iii. দুর্ঘটনা ঘটার আশঙ্কা থাকে
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii　● i ও iii　ⓒ ii ও iii　ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৪ ও ৬৫ নং প্রশ্নের উত্তর দাও :

প্রভা ও শুচি একসাথে স্কুল ছুটির পর বাড়ি ফিরছিল। রাস্তায় পড়ে থাকা কলার খোসায় পা পিছলে পড়ে যায় প্রভা। এতে তার পা কেটে যায়। শুচি প্রভাকে বাড়ি নিয়ে শোকেসের উপরে রাখা একটি বাক্স থেকে ডেটল দিয়ে পা পরিষ্কার করে ব্যান্ডেজ করে দেয়।

৬৪. শুচির আনা বাক্সটি কী নামে পরিচিত? (প্রয়োগ)
ⓐ প্রসাধন সামগ্রীর বাক্স　● প্রাথমিক চিকিৎসার বাক্স
ⓒ সেলাই সরঞ্জামের বাক্স　ⓓ পেন্সিল বাক্স

৬৫. উল্লিখিত বাক্সটি— (উচ্চতর দক্ষতা)
i. একটু উঁচু স্থানে রাখতে হয়
ii. প্রাথমিক চিকিৎসায় ব্যবহৃত হয়
iii. শিশুদের নাগালের বাইরে রাখা আবশ্যক
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii　ⓑ i ও iii　● ii ও iii　ⓓ i, ii ও iii

# পাঠ ৪ : গৃহ পরিবেশ রক্ষা ও সৌন্দর্য বর্ধনে গাছ

■ পৃষ্ঠা - ৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৬. গৃহ ও গৃহের পরিবেশ উন্নত করার জন্য আমরা কী করতে পারি? (অনুধাবন)
● গাছ লাগাতে পারি　ⓑ রং তুলে ফেলতে পারি
ⓒ উঁচু দেয়াল দিতে পারি　ⓓ দারোয়ান রাখতে পারি

৬৭. টবে বা আঙ্গিনায় কয়ভাবে গাছ লাগানো যায়?
[শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজ, সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ২　ⓑ ৩　ⓒ ৪　ⓓ ৫

৬৮. গাছ লাগানোর প্রথম পদক্ষেপ কী? (জ্ঞান)
ⓐ আগাছা পরিষ্কার করা　● জায়গা প্রস্তুত করা
ⓒ মাটি আলগা করা　ⓓ জৈবসার মেশানো

৬৯. বীজ থেকে চারা গজালে নিয়মিত গাছে কী দিতে হয়? (জ্ঞান)
● পানি　ⓑ সার　ⓒ গোবর　ⓓ মাটি

৭০. মাঝে মাঝে চারার গোড়ার মাটি কিসের সাহায্যে আলগা করতে হয়? (অনুধাবন)
● নিড়ানি　ⓑ কোদাল
ⓒ ঝাড়ু　ⓓ কাঁচি

৭১. আমরা গাছ থেকে শ্বাস গ্রহণের মাধ্যমে কী নিয়ে থাকি? (জ্ঞান)
ⓐ নাইট্রোজেন　ⓑ ফসফরাস　● অক্সিজেন　ⓓ পটাসিয়াম

৭২. সজীবের গাছে পোকামাকড় দেখা দিয়েছে। এখন সে কী করবে? (প্রয়োগ)
ⓐ পানি দেবে　● কীটনাশক ব্যবহার করবে
ⓒ জৈব সার দেবে　ⓓ গাছ ঘিরে দেবে

৭৩. মাটিতে কেন জৈব সার বা গোবর ব্যবহার করতে হয়? (অনুধাবন)
ⓐ ভালো ফলের জন্য　● মাটির উর্বরতার জন্য
ⓒ সুন্দর ফুলের জন্য　ⓓ মাটিকে সমতল করার জন্য

৭৪. গৃহের শোভা বাড়ায় কোন গাছ? (জ্ঞান)
ⓐ ফল　ⓑ ঔষধি　● ফুল　ⓓ বড়

৭৫. বাড়ির পেছনের অংশে কী ধরনের বাগান করা যায়? (জ্ঞান)
ⓐ ফুলের　ⓑ অর্কিডের　● সবজির　ⓓ ঔষধি গাছের

৭৬. রিক্তা টবে ফুল গাছ লাগাতে পছন্দ করে। এক্ষেত্রে টবের মাঝে ছিদ্র বরাবর সে কী রাখবে? (প্রয়োগ)

ⓚ ইটের খোয়া ● মাটির চাড়া ⓖ শুকনা পাতা ⓘ সারযুক্ত মাটি

৭৭. টবে উপর দিকে কতটুকু পরিমাণ খালি রেখে মাটি ভরাট করতে হয়? (জ্ঞান)

ⓚ ১ ইঞ্চি ● ২ ইঞ্চি ⓖ ৩ ইঞ্চি ⓘ ৪ ইঞ্চি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৮. শহরে আমরা ফ্লাটবাড়িতে গাছ লাগাতে পারি– (অনুধাবন)

i. বারান্দায় ii. ছাদে

iii. টবে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৯. বাড়িতে খোলা প্রাঙ্গণে আমরা করতে পারি– (অনুধাবন)

i. ফুলের বাগান ii. সবজি বাগান

iii. ফলের বাগান

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮০. গাছ যেভাবে আমাদের উপকার করে– (অনুধাবন)

i. অক্সিজেন দিয়ে

ii. গৃহের শোভা বাড়িয়ে

iii. পুষ্টির যোগান দিয়ে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮১. টবে মাটির চাড়ার উপর রাখতে হয়— (অনুধাবন)

i. ইটের খোয়া

ii. ভেজা গোবর

iii. শুকনা পাতা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮২. ভালো গাছের জন্য প্রয়োজন— (অনুধাবন)

i. সারযুক্ত ভালো মাটি

ii. আলো, বাতাস, পানি

iii. সতেজ চারা বা পুষ্ট বীজ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮৩. টাটকা শাকসবজি ও ফল খেলে যা হয়– (অনুধাবন)

i. পরিবারের সবার স্বাস্থ্য ভালো থাকে

ii. গৃহের শোভা বৃদ্ধি পায়

iii. সবার মন প্রফুল্ল থাকে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৪ ও ৮৫ নং প্রশ্নের উত্তর দাও :**

মিশু তার বাড়ির আঙ্গিনায় একটি বাগান করেছে। মাঝে মাঝে মাটির উর্বরতার জন্য সে জৈবসার মেশায়। গাছের আগাছা পরিষ্কার করে। এতে করে তার গাছ ভালো হয়।

৮৪. ভালো গাছের জন্য মিশুকে— (প্রয়োগ)

i. সতেজ চারা রোপণ করতে হবে

ii. সারযুক্ত ভালো মাটি ব্যবহার করতে হবে

iii. আলো, বাতাস, পানির ব্যবস্থা করতে হবে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮৫. মিশুকে মাঝে মাঝে চারার গোড়ার মাটি নিড়ানির সাহায্যে আলগা করে দিতে হবে কারণ এতে– (উচ্চতর দক্ষতা)

i. মাটির রস ধারণক্ষমতা বাড়ে

ii. মাটিতে সূর্যের আলো প্রবেশ করে

iii. মাটিতে বাতাস প্রবেশ করতে পারে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাইয়ানের মাকে কিছুদিন পর পর রাইয়ানের জন্য খাতা, পেন্সিল, রাবার, খেলার বল কিনে দিতে হয়। একদিন খেলার মাঠ থেকে ফিরে রাইয়ান তার ব্যাট বল জুতা ছড়িয়ে ছিটিয়ে রাখলে তাতে হোঁচট খেয়ে তার ছোট বোন রুপার কপাল কেটে যায়।

ক. শিশুর জীবনের প্রথম পরিবেশ কোনটি?

খ. প্রাথমিক চিকিৎসা বলতে কী বুঝায়?

গ. রাইয়ানের কোন অভ্যাসের জন্য রুপা ব্যথা পেল? ব্যাখ্যা কর।

ঘ. রাইয়ানের এ ধরনের অভ্যাস আমাদের দৈনন্দিন জীবনে কী প্রভাব ফেলে? বুঝিয়ে লিখ।

### ১নং প্রশ্নের উত্তর


ক. শিশুর জীবনের প্রথম পরিবেশ হলো গৃহ।

খ. আকস্মিক কোনো দুর্ঘটনায় আহত ব্যক্তিকে শুশ্রূষা করা এবং সাময়িকভাবে তাকে আরাম প্রদানের জন্য তাৎক্ষণিক যে চিকিৎসা দেয়া হয়, তাকে প্রাথমিক চিকিৎসা বলে। যেমন : কেউ পড়ে গিয়ে হাত-পা কেটে আহত হলে তাকে স্যাভলন ও তুলা দিয়ে ব্যান্ডেজ করে দেওয়া।


গ. রাইয়ানের অগোছালো ও অসতর্কতামূলক কর্ম অভ্যাসের জন্য রুপা ব্যথা পেল। আমরা জানি, প্রত্যেকটা জিনিসের ব্যবহার ও সংরক্ষণের জন্য নির্দিষ্ট জায়গা থাকে। তাই পরিবারের সবাইকে ব্যবহারের পর জিনিসগুলো যথাস্থানে গুছিয়ে রাখতে হয়। এতে জিনিসপত্রগুলো টেকসই হয় এবং গৃহের পরিবেশ থাকে পরিচ্ছন্ন ও পরিপাটি। কিন্তু জিনিসপত্র ছড়িয়ে ছিটিয়ে রাখলে বিভিন্ন রকম দুর্ঘটনা ঘটারও আশঙ্কা থাকে। যেমনটি আমরা উদ্দীপকে লক্ষ করেছি। রাইয়ান খেলার মাঠ থেকে ফিরে তার ব্যাট, বল, জুতা ছড়িয়ে ছিটিয়ে রাখায় সেগুলোর সাথে হোঁচট খেয়ে তার বোন রুপার কপাল কেটে যায়। এতে সে খুব ব্যথা অনুভব করে। তাই বলা যায়, রাইয়ানের অগোছালো অভ্যাসই রুপার ব্যথা পাওয়ার জন্য দায়ী।

ঘ. রাইয়ানের অসতর্কতামূলক অভ্যাস আমাদের দৈনন্দিন জীবনে মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলে। রাইয়ান তার ব্যবহারের সামগ্রীগুলো ব্যবহারের পর তা নির্দিষ্ট স্থানে রাখে না। ফলে রাইয়ান কিছুদিন পরপর তার প্রয়োজনীয় জিনিসপত্র হারিয়ে ফেলে তার অগোছালো স্বভাবের কারণে গৃহে দুর্ঘটনা ঘটে। প্রতিটি জিনিস ব্যবহারের পর নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করতে হয়। জিনিসপত্র যথাস্থানে না রাখলে সেগুলো খুব বেশি টেকসই হয় না। প্রয়োজনের সময় সেগুলো সহজে হাতের কাছে পাওয়া যায় না। ফলে অযথা সময় ও শক্তি অপচয় হয় এবং কাজে বিরক্তি আসে। এছাড়া জিনিসপত্র ছড়িয়ে ছিটিয়ে রাখলে গৃহের সৌন্দর্য নষ্ট হয় ও বিভিন্ন রকম দুর্ঘটনা ঘটারও আশঙ্কা থাকে।

**প্রশ্ন -২ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**



১নং চিত্র



২নং চিত্র

ক. মাটির উর্বরতা বৃদ্ধির জন্য কী করতে হয়?

খ. গৃহের অনানুষ্ঠানিক স্থান বলতে কী বুঝায়?

গ. ২নং চিত্রের গৃহ পরিবেশটি কেমন? ব্যাখ্যা কর।

ঘ. ১নং চিত্রের গৃহ পরিবেশটি পরিবারের সদস্যদের 'সুস্থ' বিকাশের জন্য প্রধান অন্তরায়। বুঝিয়ে লিখ।

### ২নং প্রশ্নের উত্তর

ক. মাটির উর্বরতা বৃদ্ধির জন্য মাটিতে গোবর বা জৈব সার মেশাতে হয়।

খ. গৃহের অনানুষ্ঠানিক স্থান বলতে সেই স্থানগুলোকে বোঝায় যেখানে আমরা ব্যক্তিগত বা একান্ত নিজের কাজগুলো করে থাকি। এখানে আমরা বিশ্রাম নিই, ঘুমাই, পড়াশোনা করি, সাজসজ্জা করি ইত্যাদি।

গ. উদ্দীপকের ২নং চিত্রে আমরা যে ছবি দেখতে পাই সেটি একটি রান্নাঘর। ঘরটির পরিবেশ পরিচ্ছন্ন, পরিপাটি ও স্বাস্থ্যসম্মত। এ ধরনের রান্না ঘরে রান্নার জন্য প্রস্তুতি অর্থাৎ কোটা, বাছা, ধোওয়া, মসলা বাটা ইত্যাদি থেকে শুরু করে রান্না করা সবই থাকে। তাছাড়া খাবার পরিবেশন করার জন্য বাসনপত্র, গ্লাস, জগ, চামচ, ছুরি, কাঁটা চামচ, টেবিল ম্যাট ইত্যাদি যথাযথভাবে রাখার কাজগুলো হয়ে থাকে। ঘরটির প্রতি গভীরভাবে দৃষ্টি দিলে লক্ষ করা যায়, প্রয়োজনীয় জিনিসগুলো খুব সুন্দর করে গোছানো আছে। খাবার যেন খোলা না থাকে তার জন্য এখানে ঢাকনাযুক্ত সেলফ বা খাবার রাখার তাক ব্যবহার করা হয়েছে। পানিরও পর্যাপ্ত ব্যবস্থা রাখা হয়েছে। এককথায় এটিকে একটি পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিপাটি রান্নাঘর বলা যায়।

ঘ. আলোচ্য উদ্দীপকে ১নং চিত্রে একটি অপরিচ্ছন্ন রান্নাঘর প্রদর্শিত হয়েছে যা পরিবারের সদস্যদের সুস্থ বিকাশের জন্য প্রধান অন্তরায়। আমরা ১নং চিত্র লক্ষ করলে দেখতে পাই, রান্না ঘরের যেখানে সেখানে ময়লা পড়ে আছে। এছাড়া ১টি কুকুর খাবারের অন্বেষণে দাঁড়িয়ে আছে। পাশে একটি মুরগি কয়েকটি বাচ্চা নিয়ে ঘোরাঘুরি করছে। ২টি কাক রান্নাঘরে খাবার খুঁজছে। সুযোগ পেলেই এরা হাঁড়ি-পাতিলে মুখ লাগাতে পারে। যেটি আমাদের মারাত্মক অসুস্থতার কারণ হতে পারে। এরকম অস্বাস্থ্যকর ও দূষিত গৃহ পরিবেশে পরিবারের সদস্যদের শারীরিক ও মানসিক বিকাশ হয় না। কিন্তু গৃহ পরিবেশ যদি স্বাস্থ্যসম্মত, পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল হয় তাহলে গৃহের মানুষগুলো আদর্শ নাগরিক হিসেবে গড়ে ওঠে এবং আদর্শ জাতি গঠনে সহায়ক ভূমিকা রাখতে পারে। তাই আমরা বলতে পারি, ১নং চিত্রের গৃহ পরিবেশটি পরিবারের সদস্যদের সুস্থ বিকাশের জন্য প্রধান অন্তরায়।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন -৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আমিনা একজন গৃহিণী। গৃহের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও দূষণমুক্ত রাখতে তিনি বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেন। তিনি তার ছেলেমেয়েদের স্বাস্থ্যসম্মত পরিবেশে বড় করতে চান। তার ছেলেমেয়েরাও মায়ের সাথে পরিচ্ছন্নতার কাজে অংশ নেন। এতে করে তাদের মধ্যে সু-অভ্যাস ও কর্তব্যবোধ গড়ে ওঠে। তারা সুস্থ থাকে বলে পড়ালেখায় মনোযোগী হতে পারে। তিনি মনে করেন, "গৃহের মানুষগুলো সুস্থ ও সুশৃঙ্খল হয়ে গড়ে উঠলে আদর্শ জাতি গঠনে সহায়ক হবে।"

ক. বসার ঘর কোন ধরনের স্থান? ১

খ. গৃহে আমাদের কী ধরনের চাহিদা পূরণ হয়? ব্যাখ্যা কর। ২

গ. গৃহ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে আমিনা কী ব্যবস্থা গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমিনার শেষোক্ত উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. বসার ঘর একটি আনুষ্ঠানিক স্থান।

খ. গৃহ আমাদের মৌলিক চাহিদাগুলোর মধ্যে অন্যতম। আমরা আমাদের বিভিন্ন রকম চাহিদা পূরণের জন্য সারাদিন নানারকম কাজে ব্যস্ত থাকি। কাজের শেষে বিশ্রাম ও আরামের জন্য আমরা গৃহে ফিরে আসি। ফলে আমাদের ক্লান্তি দূর হয়ে যায়। গৃহে আমাদের খাদ্য, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, বিনোদন, বিভিন্ন শখ ইত্যাদি চাহিদা পূরণ হয়।

গ. আমিনা তার গৃহের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। তিনি তার গৃহে সূর্যের আলো প্রবেশ ও বাতাস চলাচলের ব্যবস্থা রাখতে বাড়ির আঙ্গিনায় লাগানো বড় গাছের ডালপালা মাঝে মাঝে ছাঁটাই করেন। বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করেন। গৃহের ভিতরে ও বাহিরে নিয়মিত পরিষ্কার করেন। এতে করে গৃহের চারপাশে কোনো ধরনের আবর্জনা থাকে না। আবার গৃহের ময়লা পানি ও মলমূত্র নিষ্কাশনের ভালো ব্যবস্থা রাখেন। রান্না করার সময় গৃহের অভ্যন্তরে যে ধোঁয়া সৃষ্টি হয় তা নির্গমনের জন্য সচেষ্ট থাকেন। এছাড়াও গৃহের আঙ্গিনায় খোলা জায়গায় ছোট বড় গাছ এবং টবে বিভিন্ন ফুলের গাছ লাগান। এতে করে গৃহ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার পাশাপাশি গৃহের শোভাবর্ধন হয়।

ঘ. আমিনার শেষোক্ত উক্তিটি হলো, "গৃহের মানুষগুলো সুস্থ ও সুশৃঙ্খল হয়ে গড়ে উঠলে আদর্শ জাতি গঠনে সহায়ক হবে।" এ উক্তিটি যথার্থ। কেননা গৃহের পরিবেশ সুন্দর, গোছানো এবং স্বাস্থ্যসম্মত হলে পরিবারের সদস্যদের সবরকম বিকাশ সঠিকভাবে ঘটে। আমরা সবাই শিশুকাল থেকে বৃদ্ধ বয়স পর্যন্ত এই পরিবেশেই বসবাস করি। তাই ব্যক্তি জীবনে গৃহ পরিবেশের প্রভাব অনেক। এখান থেকেই আমাদের বিভিন্ন অভ্যাস, রুচিবোধ গড়ে ওঠে। গৃহ পরিবেশের মধ্যে অবস্থান করে আমরা বিভিন্নরকম কাজে অংশগ্রহণ করে থাকি। ফলে আমাদের দায়িত্ব ও কর্তব্যবোধ গড়ে ওঠে। উদ্দীপকের আমিনা বেগম গৃহ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত রাখতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেন। তার ছেলেমেয়েরা তাকে পরিচ্ছন্নতার কাজে সাহায্য করে। ফলে তাদের মধ্যে সু-অভ্যাস ও কর্তব্যবোধ গড়ে ওঠে। দূষণমুক্ত গৃহ পরিবেশে বেড়ে উঠছে বলে তারা সুস্থ দেহ ও মনের অধিকারী। তাছাড়া তারা পড়ালেখায় ভালো। এসব গুণের কারণে তারা আদর্শ জাতি গঠনে ভূমিকা রাখতে পারবে। তাই বলা যায়, গৃহের পরিবেশ পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত এবং

সুশৃঙ্খল হলে গৃহের মানুষগুলো সুস্থ ও সুশৃঙ্খল হয়ে গড়ে উঠবে যা আদর্শ জাতি গঠনে সহায়ক হবে।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শফি স্কুলের গ্রীষ্মকালীন ছুটি কাটাতে নানাবাড়ি গেল। সে দেখলো বাড়ির আঙ্গিনায় বেশ আগাছা জন্মেছে। সে ভাবলো বাগান করার মাধ্যমে ছুটিটা ভালোমতোই কাটানো যাবে। সে ও তার মামা প্রথমে আগাছা পরিষ্কার করল। তারপর তারা সঠিক পদ্ধতিতে বিভিন্ন শাকসবজির চাষ করল। মামা তাকে বললেন, "শুধু গাছ লাগালেই হবে না। নিয়মিত গাছের পরিচর্যা করতে হবে। এতে করে ভালো ফলন পাওয়া যায়।"

ক. গ্রামের কাঁচাবাড়ি কী দিয়ে তৈরি হয়? ১
খ. গাছ কীভাবে আমাদের উপকার করে? ২
গ. শফির গাছ লাগানোর পদ্ধতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ভালো ফলন পেতে মামার পরামর্শ কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. গ্রামের কাঁচাবাড়ি সাধারণত টিন, কাঠ, বাঁশ, মাটি ইত্যাদি দিয়ে তৈরি হয়।

খ. গাছ আমাদের অক্সিজেন দেয় যা আমরা শ্বাস গ্রহণের মাধ্যমে নিয়ে থাকি। শাকসবজি ও ফল গাছ পরিবারের সদস্যদের পুষ্টি জোগায়। টাটকা শাকসবজি ও ফল খেলে পরিবারের সবার স্বাস্থ্য ভালো ও মন প্রফুল্লর থাকে। ফুল গাছ গৃহের শোভা বাড়ায়। বড় গাছ বাড়িতে ছায়া দেয়। এতে করে পরিবেশ আরামদায়ক হয়।

গ. গাছ লাগানোর পদ্ধতি অনুযায়ী যেভাবেই গাছ লাগানো হোক না কেন প্রথমে জায়গাটাকে প্রস্তুত করে নিতে হয়। তাই শফি প্রথমে আঙ্গিনায় গজে ওঠা আগাছা পরিষ্কার করে নিয়ে মাটিকে সমতল করল। তারপর কোদাল দিয়ে কুপিয়ে মাটি আলগা করে দিল। মাটির উর্বরতার জন্য মাটিতে গোবর বা জৈব সার মেশাল। এরপর বীজ বা চারা রোপণ করল। আঙ্গিনায় ছোট, বড় সব গাছই লাগানো যায়। শফি ও তার মামা বীজ রোপণের এই পদ্ধতি অনুসরণ করে শাকসবজি চাষ করল।

ঘ. উদ্দীপকে ভালো ফলন পেতে মামা নিয়মিত গাছের পরিচর্যা করার পরামর্শ দেন। মামার এ পরামর্শটি যৌক্তিক। কেননা ভালো ফলনের জন্য বীজ থেকে চারা গজালে নিয়মিত গাছে পানি দিতে হয়। পানি নিষ্কাশনের ব্যবস্থাও থাকতে হয়। মাঝে মাঝে চারার গোড়ার মাটি আলগা করে দিতে হয়। এতে মাটিতে সূর্যের আলো, বাতাস প্রবেশ করতে পারে এবং মাটির রস ধারণ ৰমতা বাড়ে। গাছের গোড়ায় কোনো আগাছা হলে তা সাথে সাথে তুলে ফেলতে হবে। কারণ আগাছা গাছের বৃদ্ধি কমিয়ে দেয়। গাছে পোকা মাকড়ের উপদ্রব দেখা দিলে কীটনাশক ওষুধ ব্যবহার করতে হয়। আর এসব পরিচর্যা না করলে ভালো ফলন পাওয়া যায় না। উদ্দীপকে শফি ও তার মামা সঠিক পদ্ধতি অনুযায়ী শাকসবজি লাগান। শফির মামা গাছের পরিচর্যা করার উপরিউক্ত প্রয়োজনীয়তার কথা বিবেচনা করেই শফিকে নিয়মিত গাছের পরিচর্যা করার পরামর্শ দিয়েছেন।

**প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মিসেস আবিদা একজন চাকরিজীবী। ঘর সাজানো তার শখ। তিনি গৃহের অভ্যন্তরীণ স্থান বিন্যাসের বিষয়টি বিবেচনায় রেখে তার গৃহ অত্যন্ত পরিপাটি করে সাজিয়েছেন। তিনি বসার ঘর সাজানোর জন্য প্রতি মাসেই কোনো–না–কোনো সুন্দর জিনিস ক্রয় করেন। তার সবচেয়ে পছন্দের স্থানটি হলো শোবার ঘর। এখানে তিনি একান্ত নিজের কাজগুলো করে থাকেন।

ক. মৌসুমী পোশাক কোথায় রাখা হয়? ১
খ. পোশাক পরিচ্ছদের যত্ন কীভাবে নিতে হয়? ২
গ. মিসেস আবিদার শোবার ঘরটি গৃহের কোন স্থানের মধ্যে পড়ে? বর্ণনা কর। ৩
ঘ. আবিদার গৃহের অভ্যন্তরীণ বিন্যাসের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. মৌসুমী পোশাক আলমারি বা বাক্সে রাখা হয়।

খ. দৈনন্দিন ব্যবহারের পোশাক পরিচ্ছদ আলনা বা ওয়ার্ড্রোবে রাখা যায়। মৌসুমি পোশাক বা উৎসবে পরার পোশাকগুলো আলমারি বা বাক্সে তুলে রাখতে হয়। এছাড়া জুতা, স্যান্ডেল, মোজা ইত্যাদি আলনার নিচের তাক বা জুতার তাকে রাখা যায়।

গ. মিসেস আবিদার শোবার ঘরটি গৃহের অনানুষ্ঠানিক স্থানের মধ্যে পড়ে। অনানুষ্ঠানিক স্থান বলতে বোঝায় সাধারণত আমরা যে স্থানগুলোতে ব্যক্তিগত বা একান্ত নিজের কাজগুলো করে থাকি। এখানে আমরা বিশ্রাম নেই, ঘুমাই, পড়াশোনা করি, সাজসজ্জা করি ইত্যাদি। এই স্থানগুলোতে শুধু পরিবারের সদস্যরাই তাদের বিভিন্ন কাজ সম্পন্ন করে থাকে। মিসেস আবিদার সবচেয়ে পছন্দের স্থানটি হলো শোবার ঘর। এখানে তিনি বিশ্রাম নেন, ঘুমান। তার নিজের মতো করে একান্ত সময় কাটান। অর্থাৎ এ ঘরেই তিনি ব্যক্তিগত কাজগুলো করে থাকেন। তাই মিসেস আবিদার শোবার ঘরটি একটি অনানুষ্ঠানিক স্থান।

ঘ. মিসেস আবিদার গৃহের অভ্যন্তরীণ বিন্যাসের যৌক্তিকতা রয়েছে। কেননা আমাদের গৃহে বিভিন্ন রকম স্থান আছে। গৃহের বিভিন্ন কৰ বা স্থানের বিন্যাস বিভিন্ন কাজের ওপর ভিত্তি করেই গড়ে ওঠে। যেমন– রান্না, খাওয়া দাওয়া, গোসল, পড়ালেখা, সাজসজ্জা, বিশ্রাম ও ঘুমানো, অতিথি আপ্যায়ন ইত্যাদি। এই কাজগুলো প্রত্যেকটাই আলাদা ধরনের। ফলে এই কাজের স্থানগুলোও বিভিন্ন রকম হয়ে থাকে। মিসেস আবিদা অভ্যন্তরীণ স্থানের বিন্যাস বিবেচনায় রেখে তার গৃহ পরিপাটি করে সাজিয়েছেন। বসার ঘর, শোবার ঘর এমনকি কাজের স্থানসমূহ তিনি বিন্যাসের ভাগের মধ্যে রেখে সাজিয়েছেন। বসার ঘরে আনুষ্ঠানিক কাজ করা হয় বলে তিনি প্রতিমাসেই এ ঘরটি সাজানোর জন্য সুন্দর সুন্দর জিনিস ক্রয় করেন। আবার একান্ত নিজের কাজগুলো করে থাকেন শোবার ঘরে। এখানে তিনি কাজ শেষে বিশ্রাম নেন। অর্থাৎ তিনি কাজের ধরন অনুযায়ী গৃহের অভ্যন্তরীণ বিন্যাস করেছেন।

**প্রশ্ন –৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সোনিয়া একজন চাকুরীজীবি মহিলা। তার জিনিসপত্র গুছিয়ে রাখার অভ্যাস নেই। সে প্রায়ই অফিসে দেরিতে পৌছায়। কারণ তার পোশাক–পরিচ্ছদ অগোছালো থাকে। সেগুলো বিভিন্ন জায়গা থেকে খুঁজে বের করতে হয়। একদিন তার মেয়ের হাত পুড়ে গেলে তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়ার জন্য প্রাথমিক চিকিৎসার বাক্সটি কোথাও খুঁজে পেল না।

[সাতৰীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. বাগান করার সরঞ্জাম কোথায় রাখা যায়? ১
খ. গৃহের সূচনা কীভাবে হয়েছিল? ২
গ. সোনিয়া অফিসে দেরিতে পৌছানোর কারণ বর্ণনা কর। ৩
ঘ. সোনিয়ার বাড়িতে প্রাথমিক চিকিৎসার বাক্সটি যথাস্থানে রাখার গুরবত্ব মূল্যায়ন কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. বাগান করার সরঞ্জাম ঘরের একটি কোণে নির্দিষ্ট তাকে অথবা স্টোর রুমে রাখা যায়।

খ. আদিম যুগের মানুষ গৃহে বাস করত না। তারা বন-জঙ্গল, বড় গাছ, পাহাড়ের গুহা ইত্যাদি আশ্রয়স্থল খুঁজে নিত। পরবর্তীতে মানুষ ধীরে ধীরে যখন চাষাবাদ শিখল, তখন তারা একত্রিত হয়ে পরিবার গঠন করল। পরিবারের সদস্যদের বসবাসের জন্য তারা গৃহের প্রয়োজন অনুভব করল এবং গৃহ নির্মাণ করতে শিখল। এভাবে গৃহের সূচনা হয়।

গ. গৃহের প্রতিটি জিনিস ব্যবহারের পর তা নির্দিষ্ট স্থানে গুছিয়ে রাখতে হয়। জিনিসপত্র যথাস্থানে যত্নসহকারে রাখলে সেগুলো টেকসই হয় ও প্রয়োজনের সময় হাতের কাছে পাওয়া যায়। ফলে খোঁজখুঁজিতে অযথা সময় ও শক্তি অপচয় হয় না। সোনিয়া অফিস থেকে ফিরে ব্যবহৃত জিনিসগুলো যথাস্থানে সংরক্ষণ করে না। যেখানে সেখানে ফেলে রাখে। ফলে ঘরের পরিবেশ অপরিচ্ছন্ন থাকে। অগোছালো অনেক জিনিস থেকে তার প্রয়োজনীয় জিনিস খুঁজে বের করতে অনেক সময় লাগে। এ কারণে সোনিয়া প্রায়ই অফিসে দেরিতে পৌঁছায়।

ঘ. সোনিয়া যদি প্রাথমিক চিকিৎসার বাক্সটি যথাস্থানে সংরক্ষণ করত তবে তার মেয়ের পোড়া স্থানে যথাসময়ে প্রাথমিক চিকিৎসা দিতে পারত। আহত ব্যক্তিকে চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার আগে সাময়িকভাবে আরাম দেওয়ার জন্য প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরিবারে যে কেউ যেকোনো সময় দুর্ঘটনায় পড়তে পারে। তাই প্রতিটি পরিবারেই প্রাথমিক চিকিৎসা বাক্স থাকা জরুরি। এই বাক্স যথাযথভাবে সংরক্ষণের মাধ্যমে পরিবারের সদস্যদের প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করা যায়। প্রাথমিক চিকিৎসার বাক্সটি একটি নির্দিষ্ট উঁচু স্থানে এমনভাবে রাখতে হয় যাতে এটা পরিবারের সবাই দেখতে পায় ও প্রয়োজনের সময় কাজে লাগাতে পারে। সোনিয়া প্রাথমিক চিকিৎসার বাক্সটি যথাস্থানে সংরক্ষণ করে পরিবারের সবার প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করতে পারে।

**প্রশ্ন –৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রুমানা বেগম রান্নাঘরে রান্না করছিল। তার ঘর অগোছালো ছিল। পাশের কক্ষে তার ২ বছরের শিশু রুম্মন হঠাৎ কেঁদে উঠলে তাড়াহুড়ো করে তাকে ধরতে গিয়ে বঁটিতে পা লেগে কেটে যায়। পা কেটে যাওয়ায় রক্তক্ষরণ হচ্ছিল। এমন সময় শাশুড়ি তাকে প্রাথমিক চিকিৎসা দিল এবং বুঝিয়ে দিল কীভাবে রান্নাঘরের সরঞ্জামাদি সংরক্ষণ করতে হয়।

ক. সাজসজ্জার জন্য আমরা কোন ধরনের সামগ্রী ব্যবহার করি? ১

খ. প্রাথমিক চিকিৎসার বাক্স কেন একটু উঁচু স্থানে রাখতে হয়? ২

গ. রুমানা বেগম কীভাবে উত্তমরূপে রান্নার সরঞ্জামাদি সংরক্ষণ করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "রুমানা বেগম সুষ্ঠুভাবে রান্নাঘরের সরঞ্জামাদি সংরক্ষণের মাধ্যমে দুর্ঘটনা এড়িয়ে যেতে পারে"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

ক. সাজসজ্জার জন্য আমরা প্রসাধন সামগ্রী ব্যবহার করি।

খ. প্রাথমিক চিকিৎসার উপকরণসমূহ আমরা একটি নির্দিষ্ট বাক্সে রাখি। এর উপকরণসমূহ হলো– তুলা, ব্যান্ডেজ, ডেটল, গরম বা বরফ পানির ব্যাগ, স্পিরিট, বার্নল, ব্যথা কমার ওষুধ, মলম ইত্যাদি। প্রাথমিক চিকিৎসার বাক্সটি একটু উঁচু স্থানে রাখতে হয়। কারণ উঁচু স্থানে রাখার ফলে বাক্সটি শিশুদের নাগালের বাইরে থাকে কিন্তু পরিবারের বড়রা সবাই দেখতে পায়।

গ. রুমানা বেগম বিভিন্নভাবে উত্তমরূপে রান্নার সরঞ্জামাদি সংরক্ষণ করতে পারেন। হাঁড়ি, কড়াই, খুন্তি, চামচ, প্রেসার কুকার, বেলন্ডার, ওভেন, চুলা ইত্যাদি রান্নার সরঞ্জামের মধ্যে যেগুলো প্রতিদিন ব্যবহার করতে হয়, সেগুলো রান্নাঘরের তাকে হাতের কাছে রাখতে পারেন। আর যেগুলো প্রতিদিন ব্যবহার করা হয় না সেগুলো কেবিনেট বা উপরের দিকে রাখতে পারেন। খাবার পরিবেশনের জন্য পেরট, গলাস, জগ, চামচ, কাঁটাচামচ, ট্রে ইত্যাদি খাবার ঘরে তাকে সাজিয়ে রাখতে পারেন। এছাড়াও ধারালো সরঞ্জাম বঁটি, ছুরি, দা ইত্যাদি রান্নাঘরের একটি কোণায় বা বাক্সে গুছিয়ে রাখতে পারেন। এভাবে রুমানা বেগম উত্তমরূপে রান্নার সরঞ্জামাদি সংরক্ষণ করতে পারেন।

ঘ. 'রুমানা বেগম সুষ্ঠুভাবে রান্নাঘরের সরঞ্জামাদি সংরক্ষণের মাধ্যমে দুর্ঘটনা এড়িয়ে যেতে পারে'–মন্তব্যটি যথার্থ। কারণ আমরা জানি, গৃহে বিভিন্ন ধরনের সরঞ্জাম থাকে। এগুলো ব্যবহার ও সংরক্ষণের জন্য নির্দিষ্ট জায়গা থাকে। এ সরঞ্জামগুলো যথাস্থানে গুছিয়ে রাখলে গৃহের পরিবেশ পরিচ্ছন্ন ও পরিপাটি থাকে। আর গৃহের সরঞ্জাম অগোছালো থাকলে বিভিন্ন রকম দুর্ঘটনা ঘটে। উদ্দীপকে দেখা যায়, রুমানা বেগম ঘর অগোছালো অবস্থায় রান্না করছিল। হঠাৎ তার ছেলে কেঁদে উঠলে তিনি তাড়াহুড়ো করে তাকে ধরতে গেলে বঁটিতে পা লেগে কেটে যায়। এতে তার রক্তক্ষরণ হচ্ছিল। যদি রুমানা বেগমের ঘরটি গোছালো থাকত তাহলে তিনি এরকম একটি দুর্ঘটনায় পতিত হতেন না। তাই বলা যায়, রান্নাঘরের সরঞ্জামাদি সংরক্ষণের মাধ্যমে রুমানা বেগম দুর্ঘটনা এড়িয়ে যেতে পারে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৮ ▶** রুমার গৃহের পরিবেশ বড়ই মনোমুগ্ধকর। তার গৃহে জিনিসপত্র নির্দিষ্ট স্থান অনুযায়ী সাজানো থাকে। গৃহে প্রয়োজনীয় জিনিস তিনি যথাস্থানে সংরক্ষণ করেন। তাই তার পরিবারের সকলে সুখী ও সুন্দর জীবনযাপন করতে পারে।

ক. গৃহ কী? ১

খ. আমাদের জীবনে গৃহ পরিবেশের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. রুমা গৃহের অভ্যন্তরীণ বিন্যাস কীভাবে করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুমার মতো সকলেরই গৃহের প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণ করা উচিত– উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন –৯ ▶** মিতা লুনাদের বাড়িতে গিয়ে দেখল সেখানে পর্যাপ্ত বিশুদ্ধ পানি, আলো বাতাসের ব্যবস্থা নেই। বাড়ির চারপাশের ডোবা ও ড্রেনগুলোও অপরিষ্কার। এ ধরনের পরিবেশ অস্বাস্থ্যকর বলে তিনি লুনাকে এসব ক্ষেত্রে পরিচ্ছন্নতার বিষয়ে পদক্ষেপ নিতে বললেন। তিনি আরো বলেন পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও সুশৃঙ্খল পরিবেশ আদর্শ জাতি গঠনে সহায়ক।

ক. আমাদের মৌলিক চাহিদার মধ্যে অন্যতম কোনটি? ১

খ. প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণের গুরুত্ব লেখ। ২

গ. মিতা লুনাকে তার গৃহ পরিবেশ দেখে যেসব পদক্ষেপ নিতে বললেন তা বর্ণনা কর। ৩

ঘ. আদর্শ জাতি গঠনে মিতার পরামর্শটি মূল্যায়ন কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ গৃহ কী?**
**উত্তর :** গৃহ এমন একটি স্থান যেখানে আমরা পরিবারবদ্ধ হয়ে বাস করি।

**প্রশ্ন ॥ ২ ॥ গৃহ পরিবেশ কেমন হওয়া প্রয়োজন?**
**উত্তর :** গৃহ পরিবেশ পরিষ্কার–পরিচ্ছন্ন ও দূষণমুক্ত হওয়া প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৩ ॥ গাছের বৃদ্ধি কমিয়ে দেয় কে?**
**উত্তর :** গাছের বৃদ্ধি কমিয়ে দেয় আগাছা।

**প্রশ্ন ॥ ৪ ॥ গৃহ পরিবেশ কী?**
**উত্তর :** গৃহের ভেতরের, বাইরের ও আশেপাশের সবকিছু নিয়ে যে পরিবেশ গড়ে ওঠে তাই গৃহ পরিবেশ।

**প্রশ্ন ॥ ৫ ॥ বীজ থেকে চারা গজালে কী করতে হয়?**
**উত্তর :** বীজ থেকে চারা গজালে নিয়মিত পানি দিতে হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ দৈনন্দিন ব্যবহারের পোশাক কোথায় রাখা হয়?**
**উত্তর :** দৈনন্দিন ব্যবহারের পোশাক আলনা বা ওয়ার্ড্রোবে রাখা হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাড়ির কোন অংশে ফলের বাগান করা হয়?**
**উত্তর :** বাড়ির পিছনের অংশে ফলের বাগান করা হয়।

### ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ গৃহের প্রয়োজনীয়তা লেখ।**
**উত্তর :** গৃহ এমন একটা স্থান যেখানে আমরা পরিবারবদ্ধ হয়ে বাস করি। সারাদিনের কাজের শেষে বিশ্রাম ও আরামের জন্য আমরা গৃহে ফিরে আসি। আমাদের খাদ্য, বস্ত্র ও পোশাক–পরিচ্ছদ, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, বিনোদন, বিভিন্ন শখ ইত্যাদি চাহিদা গৃহে পূরণ হয়। সবার প্রতি সবার শ্রদ্ধা, ভালোবাসা ও সহযোগিতা থাকার ফলে পারিবারিক বন্ধনটাও মজবুত হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ ব্যক্তি জীবনে গৃহ পরিবেশের প্রভাব বর্ণনা কর।**
**উত্তর :** পরিবারের সদস্যদের সবরকম বিকাশের জন্য সুন্দর গৃহ পরিবেশ দরকার। আমরা সবাই শিশুকাল থেকে বৃদ্ধ বয়স পর্যন্ত এই পরিবেশেই বসবাস করি। এখান থেকেই আমাদের বিভিন্ন অভ্যাস, রুচিবোধ, দায়িত্ব ও কর্তব্যবোধ গড়ে ওঠে। তাই বলা যায় ব্যক্তিজীবনে গৃহ পরিবেশের প্রভাব অনেক।

**প্রশ্ন ॥ ৩ ॥ গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস বলতে কী বোঝায়?**
**উত্তর :** গৃহে প্রবেশ করার দরজা থেকে শুরু করে বিভিন্ন ঘর, বারান্দা, বাগান, গাড়ি বারান্দা ইত্যাদি সবই গৃহের অভ্যন্তরীণ বিভিন্ন স্থান। গৃহের বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের কাজ করা হয়। গৃহের বিভিন্ন কক্ষ বা স্থানের বিন্যাস এ কাজের ওপর ভিত্তি করেই গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৪ ॥ ভালো গাছের জন্য কী কী প্রয়োজন?**
**উত্তর :** ভালো গাছের জন্য পুষ্ট বীজ ও সতেজ চারা প্রয়োজন। মাটিতে জৈবসার মেশালে গাছ ভালো হয়। মাটি আলগা করে দিলে মাটির রস ধারণ ক্ষমতা বাড়ে। তাছাড়া প্রতিদিন সকাল বিকাল পানি দেওয়া, আগাছা পরিষ্কার করা ইত্যাদি পরিচর্যায় গাছ ভালো হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ টবে গাছ লাগানোর পদ্ধতি বর্ণনা কর।**
**উত্তর :** ছোট বড় টবে বিভিন্ন সবজি, কলম করা গাছ, বিভিন্ন মৌসুমি ফুল লাগানো যায়। এই ক্ষেত্রে টবের মাঝে ছিদ্র বরাবর একটি মাটির চাড়া রাখতে হবে। তার উপর ইটের খোয়া ও শুকনা পাতা রেখে সারযুক্ত মাটি এমনভাবে ভরতে হবে যাতে উপর দিকে ২ ইঞ্চি পরিমাণ খালি থাকে। এভাবে টবে গাছ লাগানো যায়।